

জেনেটিক্স

জেনেটিক্স বা বংশগতিবিদ্যা হলো জীবের প্রজন্মের সাথে আরেক প্রজন্মের বৈশিষ্ট্যসমূহ, সম্পর্কিত আলোচনা। বিজ্ঞানের এই শাখায় জন্মগত চারিত্রিক সাযুজ্য এবং পার্থক্য সম্বন্ধে আলোচনা করা হয়। ১৯০৫ সালে প্রথম জেনেটিক শব্দটি প্রবর্তন করেন উইলিয়াম বেটসন। জেনেটিক্স বা বংশগতিবিদ্যার জনক বলা হয় অস্ট্রিয়ান ধর্মযাজক গ্রেগর জোহান মেন্ডেলকে। বংশাণু ডিএনএ'র নির্দিষ্ট স্থানে অবস্থান করে। ডিএনএ হলো চারটি নিউক্লিওটাইড দ্বারা তৈরি এক ধরনের অণু যা জীবের বংশগতি নিয়ন্ত্রণ করে। ডিএনএ দ্বি-সর্পিলাকার তন্তুর মত বিন্যস্ত থাকে। এটিকে **ডবল হেলিক্স** বলা হয়। যদিও বংশাণুবিজ্ঞান কোন জীবের বাহ্যিক গঠন ও আচরণ নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, বংশাণুবিজ্ঞান আর জীবসত্ত্বার অভিজ্ঞতার সমন্বয়ে তার বৈশিষ্ট্য নির্ধারিত হয়। যেমন, যদিও ডিএনএ কোন ব্যক্তির উচ্চতা নির্ধারণ করে, তবু তার বাল্যকালের স্বাস্থ্য ও পুষ্টির ব্যাপারটিও এক্ষেত্রে বড় প্রভাব ফেলে।



গ্রেগর জোহান মেন্ডেল (ছবিঃ উইকিপিডিয়া)